



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
বিসিক উদ্যোক্তা মেলা-২০২৪



অংশগ্রহণে আগ্রহী উদ্যোক্তাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান

দেশের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই) খাতের উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার, প্রসার, ক্রয়-বিক্রয় এবং নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বরগুনা টাউন হল শহীদ মিনার প্রাঙ্গণে “বিসিক উদ্যোক্তা মেলা-২০২৪” আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিসিকের নিজস্ব অর্থায়ন ও ব্যবস্থাপনায় এবং জেলা প্রশাসন, বরগুনার সার্বিক সহযোগিতায় সফল ও কার্যকরভাবে মেলাটি বাস্তবায়ন করা হবে। উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী সিএমএসএমই খাতের উদ্যোক্তাদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। মেলায় অংশগ্রহণের প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ:

মেলার নাম	: বিসিক উদ্যোক্তা মেলা-২০২৪
ভেন্যু	: বরগুনা টাউন হল শহীদ মিনার প্রাঙ্গণ
সময়কাল	: ১৮-২৭ ফেব্রুয়ারি ২০২৪ (১০ দিন)
স্টল সংখ্যা	: ৫০ (পঞ্চাশ) টি (আগে আসলে আগে পাবেন ভিত্তিতে স্টল বরাদ্দ দেয়া হবে)
স্টল ফি	: ২৫০০/- (বিসিক নিবন্ধিত), ৩৫০০/- (বিসিক নিবন্ধনবিহীন)
আবেদন ফরম পাওয়ার লিংক	: www.bscic.barguna.gov.bd ওয়েবসাইটে অথবা সরাসরি বিসিক কার্যালয়ে
ফি জমাদান	: “ BSCIC DISTRICT OFFICE BARGUNA ” বরাবর পে-অর্ডার
আবেদনের শেষ তারিখ	: ১৫ ফেব্রুয়ারি ২০২৪

আবেদন ফরমের সাথে জাতীয় পরিচয়পত্র, ট্রেড লাইসেন্স, বিসিক নিবন্ধন সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), ছবি ও পে-অর্ডার সংযুক্ত করতে হবে। বিস্তারিত তথ্য, আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের জন্য যোগাযোগ করুন: বিসিক জেলা কার্যালয়, কোরক, বরগুনা। টেলিফোন-০২৪৭৯৯৩০২৩৯, মোবাইল: ০১৭২৫-৯৬৭৫২৫, ০১৭২২-১০৫৮১০।

কাজী তোফাজ্জেল হক
উপব্যবস্থাপক



সহযোগিতায়: জেলা প্রশাসন, বরগুনা



আয়োজনে: বিসিক জেলা কার্যালয়, বরগুনা